

৮. ভূমি সংক্রান্ত তথ্য



জমিজমা সংক্রান্ত বিষয় সব সময়ই একটু ঝামেলাপূর্ণ হয়ে থাকে। বিশেষ করে সরকারি খাস জমি লিজ নেয়া এবং সরকার কর্তৃক অধিগ্রহণকৃত জমির মূল্য পরিশোধ সবসময়ই নানা বিতর্কের জন্ম দেয়। এসব ক্ষেত্রে সমাজের প্রভাবশালীরাই বেশী সুবিধা পেয়ে থাকে। ভূমি খাতের বিভিন্ন প্রকার দুর্নীতি বা অনিয়ম দেখে জনগণের মনে নানা ধরনের প্রশ্ন জাগে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে:

- আমাদের ইউনিয়নে কোন মৌজায় কি পরিমাণ খাস জমি আছে?
- কিভাবে খাস জমি বরাদ্দ পাব?
- জমি রেজিস্ট্রেশন ফি কত?
- নদীতে জেগে ওঠা চরের প্রকৃত মালিক কে ?

এ ধরনের প্রশ্ন সংক্রান্ত তথ্যের জন্য আইনের ধারা ও বিধি অনুযায়ী ভূমি বিষয়ক বিভিন্ন তথ্য জানার উপজেলা ভূমি অফিসে গিয়ে তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে আবেদন করতে হবে। নিচে তথ্য অধিকার আইনের আওতায় ভূমি খাতের বিভিন্ন বিষয়ে কিছু প্রশ্নের নমুনা দেওয়া হলো:

১. আমাদের ইউনিয়নে কোন মৌজায় কি পরিমাণ খাস জমি আছে তা জানতে চাই? গত এক বছরে কি পরিমাণ খাস জমি কাদের মধ্যে বরাদ্দ দেয়া হয়েছে তাদের নামসহ তালিকা চাই।
২. ভূমিহীনদের মধ্যে খাস জমি বরাদ্দের নীতিমালা কি? গত অর্থ বছরে আমাদের উপজেলায় প্রকৃত ভূমিহীনদের মধ্যে কি পরিমাণ খাস জমি বরাদ্দ হয়েছে তা জানতে চাই।
৩. জলাভূমি লিজ নেওয়ার ক্ষেত্রে আইন বা বিধি অনুযায়ী কারা অধিকার পায়? জলাভূমি লিজ নেওয়া সংক্রান্ত সরকারী নীতিমালার কপি পেতে চাই।
৪. জমি রেজিস্ট্রেশন বাবদ দলিল লেখকরা মোটা অংকের টাকা দাবী করেন। আমাদের উপজেলা আওতাধীন ধানী ও ভিটা জমির সরকারীভাবে ধার্যকৃত নিম্নতম ক্রয়মূল্য এবং খাতওয়ারী রেজিস্ট্রেশন ফি কত তা জানতে চাই।
৫. নদীতে জেগে ওঠা চরের প্রকৃত মালিক কে? আমাদের চাঁদপুর জেলায় চর দখলে সংঘর্ষে লিপ্ত পক্ষগুলোর বিরুদ্ধে এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে জানতে চাই।
৬. পাহাড়ী এলাকায় আদিবাসীদের জন্য ভূমি সংক্রান্ত যে নীতিমালা রয়েছে তার কপি পেতে চাই।
৭. উন্নয়ন কাজের জন্য সরকার যে নীতিমালার ভিত্তিতে ভূমি অধিগ্রহণ করে ও জমির মূল্য পরিশোধ করে তার কপি পেতে চাই।

ভূমি বিষয়ক বিভিন্ন তথ্য জানার জন্য উপজেলা ভূমি অফিসে গিয়ে তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে নাম ও ঠিকানাসহ জমা দিতে হয়। যদি অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কে তা জানা না থাকে সেক্ষেত্রে কৃষি পরিসেবা অংশে বর্ণিত নিয়মানুযায়ী আবেদনপত্র জমা দিতে হবে। (আবেদন প্রক্রিয়া সঠিকভাবে লেখার জন্যে এই লেখার শেষে সংযুক্তি -১ দ্রষ্টব্য। সেখানে আবেদনপত্র, আপিল ও অভিযোগ পত্রের নমুনা দেয়া হল।)